# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.SC. SIXTH SEMESTER EXAMINATION, MAY-JUNE 2013**

**THIRD YEAR**

**BENGALI (Honours)**

Date : 24/5/2013

Time : 11 am – 3 pm

Paper : VII

Full Marks : 80

১। বাংলা নাটকের ইতিহাসে নাটককার উৎপল দত্ত-র গুরুত্ব আলোচনা কর। [12]

**অথবা,**

আধুনিক বাংলা নাটকের ধারায় বাদল সরকার বিষয়ভাবনা ও আঙ্গিকনির্মাণে যে স্বাতন্ত্র্যের পরিচয় রেখেছেন, তা পর্যালোচনা কর। [12]

২। টীকা লেখ (যে কোন **দুটি**) ঃ [2×4]

থার্ড থিয়েটার, টিনের তলোয়ার, নৈশভোজ, রাজরক্ত

৩। 'আপনি তো জাত চাষা!' ---বিজন ভট্টাচার্য-র প্রতি এই উক্তি কতখানি যথার্থ হয়েছিল 'নবান্ন' নাটক প্রসঙ্গে আলোচনা করে দেখাও। [9]

**অথবা,**

'নবান্ন' নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্ব বিশ্লেষণ কর। [9]

৪। 'হ্যাঁ ঐখানেই ছিল। তারপর পালিয়ে গেল। এক দৌড়ে পালিয়ে গেল--' ।--কার উক্তি? কী পালিয়ে গেল? কোথায় পালাল? [1+1+1]

**অথবা,**

'উঁ, সোজা শিরদাঁড়াটা তা হলে এইবার তো দেখি এট্টুখানি বেঁকিয়ে দিতে হয়;'-- কে কার প্রতি এ-কথা বলেছে? বক্তার কীরকম মনোভাব এখানে প্রকাশিত হয়েছে? [1+2]

৫। 'কল্লোল' নাটকের নামকরণ কতখানি যথার্থ হয়েছে আলোচনা কর। [9]

**অথবা,**

১৯৪৬ সালের নৌবিদ্রোহের ঐতিহাসিক ঘটনা পরম্পরা 'কল্লোল' নাটকে যথার্থ নাট্যরসসিদ্ধ হয়ে উঠতে পেরেছে কী না সে-সম্পর্কে তোমার মতামত দাও। [9]

৬। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [3]

ক) 'সার্দুল সিং-এর প্রাণটা মূল্যবান। শুধু আপনার স্বামী বলে নয়, আগামী যুদ্ধের নেতা বলে।' --কে, কাকে বলেছে? কোন প্রসঙ্গে বলেছে? [1+1+1]

খ) 'তাছাড়া দেশের মানুষ হলো সবচেয়ে বড় গ্যারান্টি।'-- কে বলেছে? কোন প্রসঙ্গে বলেছে? [1+2]

৭। 'কিন্তু মৌখিক ঐতিহ্যের গল্প বলার সনাতন রীতিটি যেন এই উপন্যাসের বর্ণনীয়ের সঙ্গে অসমান্যভাবে মানানসই...।' মন্তব্যটি 'পথের পাঁচালী'-র গঠনকৌশল প্রসঙ্গে আদৌ যুক্তিসংগত কিনা বিচার কর। [9]

**অথবা,**

'পথের পাঁচালী' উপন্যাসে দুর্গার চরিত্রচিত্রণে লেখকের যে বিশেষ জীবনভাবনার প্রকাশ ঘটেছে, তা ব্যাখ্যা কর। [9]

৮। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [3]

ক) 'পাগল! কোথাকার একটা পাগল, কি বক্‌ছিলি রে আপন মনে?' --কে বলেছে? কাকে বলেছে? যার উদ্দেশ্যে বলা হয়েছে সে 'আপন মনে' কী 'বকছিল'? [1+1+1]

খ) 'সোনার কৌটার কথা অপু কাহাকেও কিছু জানাইল না, কখনও জানায় নাই, এমন কি মাকেও না।' ---কোন্‌ সোনার কৌটার কথা এখানে বলা হয়েছে? অপু কেন কৌটার কথা কাউকে জানায়নি? [1½+1½]

৯। ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে নিম্নবর্গের মানুষের সংগ্রামের যে ছবি তোমার সামনে উপস্থাপিত হয়েছে তার ঐতিহাসিক গুরুত্ব আলোচনা কর। [9]

**অথবা,**

‘অরণ্যের অধিকার’ উপন্যাসে অমূল্য চরিত্রের ভূমিকা বিশ্লেষণ কর। [9]

১০। ‘আমি ভগবান, মা গো! আর তোর কোলে মোরে ধরবে না; আটকাবে না। আমি এই ধরতি আবা।’ --কে কার উদ্দেশে এ-কথা বলেছে? তার এই উপলব্ধির তাৎপর্য বুঝিয়ে দাও। [1+2]

**অথবা,**

‘তোমার পথ তোমার জীবন -- আমার পথ, আমার জীবন হতে আলাদা।’ ---কাকে কে এ-কথা বলেছে? বক্তার এ-কথা বলার কারণ কী? [1+2]

১১। ‘চোর’ গল্পে সমকালীন শ্রেণিবিভক্ত সমাজে মানবিক সম্পর্কের অন্তর্গত জটিল প্রবাহ কীভাবে রূপায়িত হয়ে উঠেছে তা সংক্ষেপে বিশ্লেষণ কর। [9]

**অথবা,**

‘ছিন্নমস্তা’ গল্পের নামকরণ কতখানি বৈশিষ্টপূর্ণ হয়ে উঠেছে বলে তুমি মনে কর? -- ব্যাখ্যা দাও। [9]

১২। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [3]

ক) ‘আর কোনোদিন আমি ও-বাড়ি যাইনি।’ --‘আমি’ কে? ‘ও-বাড়ি’ কাদের? বক্তা আর সেখানে যায়নি কেন? [1+1+1]

খ) ‘ও বাজাচ্ছে। কথা বেরিয়ে আসছে ওর ঢাক থেকে।’ --কে বলেছে? ঢাক বাজাচ্ছে কে? ঢাকের সে ‘কথা’ কী প্রতিক্রিয়া সৃষ্টি করল বক্তার মনে? [1+1+1]